

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
www.comilla.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০০৪.২২.৪৫১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

প্রেরক: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা

প্রাপক: মেয়র/প্রশাসক.....(সকল), কুমিল্লা

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে পৌরসভাওয়ারী ডিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ০৩/০৭/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৫১.০১.০০০০.০১৮.২০.০২৭.২১.১৪৯ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২০২২-২০২৩ অর্থ বছরের আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে ডিজিএফ কর্মসূচির আওতায় এ জেলার ক ও খ ক্যাটাগরীর ০৮টি পৌরসভার অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের জন্য পরিবার প্রতি ১০(দশ) কেজি হারে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে ৩০,৮০৮ (ত্রিশ হাজার আটশত আট) টি ডিজিএফ কার্ডের বিপরীতে ৩০৮.০৮০ (তিনশত আট দশমিক শূন্য আট শূন্য) মেট্রন ডিজিএফ চাল দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভাজন এবং নিম্নোক্ত শর্ত অনুযায়ী উপবরাদ্দ প্রদান করা হল। উপবরাদ্দকৃত ডিজিএফ চাল নিম্নোক্ত শর্তাবলী আবশ্যিকভাবে অনুসরণ করে ০৯/০৭/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ সম্পন্ন করতে হবে।

ক্রম	পৌরসভার নাম	শ্রেণি	উপবরাদ্দকৃত কার্ডসংখ্যা	উপবরাদ্দকৃত ডিজিএফ চালের পরিমাণ (মেঃ টন)
১.	লাকসাম পৌরসভা	'ক'	৪৬২১	৪৬.২১০
২.	চৌদ্দগ্রাম পৌরসভা	'ক'	৪৬২১	৪৬.২১০
৩.	নাঙ্গলকোট পৌরসভা	'ক'	৪৬২১	৪৬.২১০
৪.	বরুড়া পৌরসভা	'ক'	৪৬২১	৪৬.২১০
৫.	চান্দিনা পৌরসভা	'খ'	৩০৮১	৩০.৮১০
৬.	হোমনা পৌরসভা	'খ'	৩০৮১	৩০.৮১০
৭.	দাউদকান্দি পৌরসভা	'খ'	৩০৮১	৩০.৮১০
৮.	দেবিদ্বার পৌরসভা	'খ'	৩০৮১	৩০.৮১০
সর্বমোট=			৩০,৮০৮টি	৩০৮.০৮ মেঃ টন

শর্তাবলী:

- ১। উক্ত ডিজিএফ উপবরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট পৌর মেয়র/প্রশাসকগণ স্থানীয় মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।
- ২। ডিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে।
- (ক) আদমশুমারী ২০১৬ সালের জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক উপবরাদ্দকৃত কার্ডসংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।
- (খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
- (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।
 ১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটা বাড়ি ছাড়া কোন জমি নেই;
 ২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
 ৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
 ৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
 ৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
 ৬. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই;
 ৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা;
 ৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;
 ৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী;
 ১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;
 ১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে;
 ১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দুবেলা খাবার পায়না।
- (ঘ) পৌরসভা ডিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- (ঙ) ডিজিএফ উপকারভোগীর তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ডিজিএফ বরাদ্দ না পায়।

৩৫.

- ৩। উপবরাদ্দ অনুযায়ী সকল পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
- ৪। উপবরাদ্দকৃত চালের ব্যয় 'চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৩- ভিজিএফ কার্যক্রম-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি ৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল)' খাত হতে নির্বাহ করতে হবে।
- ৫। উপবরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৬। বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন ০৫(পাঁচ) দিনের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৭। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



০৩/০৭/২০২২

মোহাম্মদ আবেদ আলী
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২-৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৯
drrocomilla@ddm.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০০৪.২২.৪৫১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাপনা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-....., কুমিল্লা-.....
২. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৪. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৫. পরিচালক (ভিজিডি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৬. জেলাপ্রশাসক, কুমিল্লা
৭. উপপরিচালক (ভিজিডি-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,.....(সকল), কুমিল্লা
৯. উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), কুমিল্লা
১০. জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....(সকল), কুমিল্লা
১২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,.....(সকল), কুমিল্লা



০৩/০৭/২০২২

মোহাম্মদ আবেদ আলী
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২-৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৯
drrocomilla@ddm.gov.bd